



পাবনা পলিটেকনিকে অচলাবস্থা

পাবনা সাংবাদদাতা ॥ সরকারী নিয়ম-নীতি উপেক্ষা করে বরাদ্দের অতিরিক্ত ছাত্র ভর্তি করায় বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড পাবনা পলিটেকনিক ইনস্টিটিউটের ৩৭ জন ছাত্রের রেজিস্ট্রেশন না দেওয়াকে কেন্দ্র করে গত ৭ দিন যাবৎ ইনস্টিটিউটে চরম অচল অবস্থা চলছে। সরকারী দলের ছাত্রসংগঠন ছাত্রদলের নেতাদের চাপে গত অক্টোবর মাসে এই অতিরিক্ত ছাত্র ভর্তি করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

কারিগরি শিক্ষাবোর্ডের নিয়মানুযায়ী পলিটেকনিক ইনস্টিটিউট কর্তৃপক্ষ চলতি ২০০১-২০০২ শিক্ষাবর্ষের প্রথম বর্ষে ৪টি বিভাগে ২শ' ২০ (প্রতি বিভাগে ৫৫) জন ছাত্র-ছাত্রীকে মেধার ভিত্তিতে ভর্তি করা হয়। এরপর ছাত্রদল নেতাদের চাপের কাছে নতি শিকার করে কর্তৃপক্ষ অতিরিক্ত ৩৭ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি করতে বাধ্য হয়। যথচ মেধার ভিত্তিতে ভর্তি পরীক্ষায় এরা মেধা তালিকাভুক্ত হতে পারেনি। উল্লেখ্য, কোন অবস্থাতেই কোটার অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তি না করা সম্পর্কে শিক্ষাবোর্ডের কড়া নির্দেশ ছিল। অতিরিক্ত এই ৩৭ জন ছাত্র-ছাত্রীকে ইনস্টিটিউট কর্তৃপক্ষ রেজিস্ট্রেশনের জন্য আবেদন করলে কারিগরি শিক্ষাবোর্ড তা অস্বীকার করেনি। উপরন্তু নিয়ম বহির্ভূতভাবে কেন অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে তার জন্য ইনস্টিটিউট কর্তৃপক্ষকে কারণ দর্শানোর নোটিশও দেয়া হয়েছে। এদিকে অবৈধভাবে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রদানের দাবীতে ইনস্টিটিউটে প্রতিদিন চলছে মিছিল, মিটিং, ধেরাও। সরকারী দলের ছাত্র নেতারা ইনস্টিটিউট কর্তৃপক্ষকে তৎক্ষণাৎ প্রদান করছে এবং অবৈধভাবে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের ক্লাস করতে দিচ্ছে না। প্রয়োজনে পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট ক্যাম্পাসে অচল করে দেওয়ার কর্মসূচীও তারা দিবে বলে হুমকি দিচ্ছে। এর ফলে আসন্ন ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী প্রায় গাত শত ছাত্র-ছাত্রীর পড়াশুনার দারুণ বিঘ্ন ঘটছে বলে ইনস্টিটিউট কর্তৃপক্ষ জানিয়েছেন।